## স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন কমিটির ১০ মার্চ ২০২১ খ্রিঃ এ অনুষ্ঠিত প্রথম সভার কার্যবিবরণী।

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযথ মর্যাদায় সাথে উদ্‌যাপনের লক্ষ্যে সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক ১৩ জন কর্মকর্তার সমন্বয়ে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন কমিটি গঠিত হয়। উক্ত কমিটির প্রথম সভা গত ১০ মার্চ ২০২১ বুধবার দুপুর ৩:৩০ ঘটিকার প্রধান প্রকৌশলী সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার সভাপতিত্ব করেন উদযাপন কমিটির সভাপতি প্রকৌশলী এ. কে. এম. মনির হোসেন পাঠান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। পরবর্তীতে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব, প্রকৌশলী শান্তনু পালিত সভার আলোচ্যসূচী উপস্থিত ব্যক্তিবর্গের সামনে উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | কর্মসূচিসমূহ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের তারিখ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | স্বাধীনতা পরবর্তী সময়ে মহাসড়ক নেটওয়ার্কের উন্নয়ন প্রতিফলিত করে **বিশেষ প্রকাশনা।** | ১. উক্ত কর্মসূচীসমূহ প্রকাশনা কমিটি বাস্তবায়ন করবেন। এ বিষয়টির অগ্রগতি সম্মন্ধে আলোকপাত করার জন্য প্রকাশনা কমিটির সভাপতি/সদস্য সচিব স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন কমিটির সভাসমূহে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যেতে পারে। | অক্টোবর/ ২০২১ | প্রকাশনা কমিটি |
| ২. | স্বাধীনতা পরবর্তী মহসড়ক নেটওয়ার্কের উন্নয়ন প্রতিফলিত করে **Audio Visual Documentary** তৈরি। | | | |
| ৩. | **২৬ মার্চ ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১** সময়কালে মহান স্বাধীনতার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন গুরুত্বপূর্ণ তারিখে সভা/সেমিনার/ প্রতিযোগিতা/রক্তদান কর্মসূচি আয়োজন। | ২৬ মার্চ উপলক্ষ্যে সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক একটি আলোচনা সভার আয়োজন করতে হবে। উক্ত সভায় জনাব আব্দুল গাফফার চৌধুরীকে মূল আলোচক হিসেবে আমন্ত্রণ জানানো যেতে পারে। ২৬ মার্চ এর আলোচনা সভাটি অনুষ্ঠানের নিমিত্ত প্রকৌশলী এ কে মোহাম্মদ ফজলুল করিম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী কে আহ্বায়ক করে একটি উপ-কমিটি গঠন করতে হবে। সভায় উপস্থিত সদস্যবৃন্দ কমিটির অন্যান্য সদস্যবৃন্দের নাম প্রস্তাব করেন। উক্ত কমিটির নিকট হতে কর্মপরিকল্পনা সংগ্রহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ২৬ মার্চ ২০২১ | মূল কমিটির সাথে সমন্বয় করে "২৬ মার্চ উপলক্ষ্যে আলোচনা সভা আয়োজন সম্পর্কিত উপ-কমিটি" বাস্তবায়ন করবেন। |
| ৪. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি'র দাপ্তরিক কাজের মন্ত্রিসভা কমিটি কর্তৃক নির্বাচিত লোগো সম্বলিত **বিশেষ খাম** ব্যবহার। | লোগো সংগ্রহ করার পর লোগোসম্বলিত বিশেষ কালারের খাম ডিজাইন করা যেতে পারে। পরবর্তীতে প্রশাসন ও সংস্থাপন সার্কেলকে চিঠির মাধ্যমে খামসমূহ মাঠ পর্যায়ে বিতরণের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা যেতে পারে। | ২৬ মার্চ ২০২১ | উদযাপন কমিটি ও সওজ প্রশাসন ও সংস্থাপন |
| ৫. | সাইকেল র‍্যালি | ডিটিসিএ এর সাথে সার্বক্ষনিক যোগাযোগ রক্ষা করতে হবে। | ১৬ ডিসেম্বর ২০২১ | উদযাপন কমিটি |
| ৬. | **কারাগারের রোজনামচা ও অসমাপ্ত আত্মজীবনী** বই ২টি বিতরণ ও পাঠ প্রতিযোগিতা | কারাগারের রোজনামচা ও অসমাপ্ত আত্মজীবনী বই ২টি দ্রুত ক্রয়পূর্বক জোনওয়ারী বিতরণ করতে হবে। এ বই দু'টির উপর আগামী ২৩ জুন হতে অনলাইন কুইজ প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে। এ বিষয়ে সহযোগিতার জন্য সিনিয়র সিস্টেম এনালিষ্ট সৈয়দা সাঈদা মমতাজ কে উদযাপন কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। উপরোক্ত বই দু'টি পর্যাপ্ত পরিমাণে সংশ্লিষ্ট প্রকাশনীতে অগ্রীম Booking (সংরক্ষণ) দেয়া এবং ক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য জনাব মো: আবুল কালাম আজাদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী কে অনুরোধ করা হয়। | ২৩ জুন ২০২১ | উদযাপন কমিটি, তত্ত্বাবধায়ক প্রকৌশলী; রক্ষণাবেক্ষণ সার্কেল, MIS, সওজ প্রশাসন ও সংস্থাপন, সকল উইং/জোন/প্রকল্প পরিচালকের দপ্তরসমূহ |
| ৭. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে মন্ত্রিসভা কমিটি কর্তৃক নির্বাচিত লোগো সম্বলিত **মগ, টি-শার্ট, কলম** বিতরণ। | বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ইতোমধ্যে মগ, টি-শার্ট, কলম প্রস্তুত করা হয়েছে। উক্ত কাজের সাথে জড়িত সদস্যবৃন্দ হতে দিক নির্দেশনা নিয়ে মগ, টি-শার্ট, কলম প্রস্তুত ও বিতরণ করতে হবে। | ২৬ মার্চ হতে ১৬ ডিসেম্বর ২০২১ | উদযাপন কমিটি, সওজ প্রশাসন ও সংস্থাপন |

Scanned with CamScanner

| ক্রম | কর্মসূচিসমূহ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের তারিখ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৮. | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/ কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি'র ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন। | ওয়েবসাইটে ইতোমধ্যে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন করা হয়েছে। তবে উদযাপন কমিটির সিদ্ধান্ত মোতাবেক উক্ত কর্ণারের কন্টেন্ট নির্ধারিত হবে। এ বিষয়ে MIS কে সর্বাত্মক সহায়তা প্রদান করার জন্য অনুরোধ করা যেতে পারে। | ১১ মার্চ হতে ১৬ ডিসেম্বর ২০২১ | উদযাপন কমিটি ও MIS সার্কেল |
| ৯. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/ কোম্পানি'র মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সম্ভাব্য কর্মসূচি গ্রহণ। | মাঠ পর্যায়ের কার্যালয়গুলোকে এ বিষয়ে নির্দেশনামূলক পত্র প্রদান করতে সওজ প্রশাসন ও সংস্থাপণ কে অনুরোধ করা যেতে পারে। | ২৬ মার্চ হতে ১৬ ডিসেম্বর ২০২১ | উদযাপন কমিটি, সওজ প্রশাসন ও সংস্থাপন এবং মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ |
| ১০. | স্বাধীনতা দিবস, জাতীয় শোক দিবস ও বিজয় দিবস উপলক্ষ্যে আয়োজিত/গৃহীত রুটিন কর্মসূচিসমূহ। | রুটিন কর্মসূচীগুলো উদযাপন কমিটি, সওজ প্রশাসন ও সংস্থাপন সার্কেল এবং মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক যথারীতি সম্পন্ন করা হবে। | ২৬ মার্চ হতে ১৬ ডিসেম্বর ২০২১ | সওজ প্রশাসন ও সংস্থাপন, মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ, বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন কমিটি, সুবর্ণজয়ন্তী উদযাপন কমিটি |
| ১১. | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/ কোম্পানি কর্তৃক নিজস্ব কর্মসূচি গ্রহণ। | সদস্যবৃন্দের প্রত্যেককে একটি করে নিজস্ব কর্মসূচীর ধারণা দিতে অনুরোধ করা হয়। পরবর্তীতে শর্টলিষ্ট করে পর্যায়ক্রমে কর্মসূচীগুলো গ্রহণ ও বাস্তবায়ন করা হবে। | ২৬ মার্চ হতে ১৬ ডিসেম্বর ২০২১ | উদযাপন কমিটি |

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে সভাপতি মহোদয়, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী সমন্বিতভাবে উদ্‌যাপন করার নিমিত্ত বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী কমিটির আহবায়ক এবং সদস্য সচিব কে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন কমিটির সভাসমূহে উপস্থিত থাকতে অনুরোধ করেন। এছাড়া প্রকাশনা কমিটির সাথে সার্বক্ষনিক যোগাযোগ রক্ষার জন্য প্রকাশনা কমিটির সদস্যবৃন্দের সভায় উপস্থিত থাকা প্রয়োজন বলে অভিমত পোষণ করেন।

পরবর্তীতে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১.০৩.২০২১

**(শান্তনু পান্ডিত)**
সদস্য-সচিব
স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন কমিটি
ও
নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), সওজ
মনিটরিং ও ইভ্যালুয়েশন বিভাগ, ঢাকা জোন
সওজ প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর, ঢাকা।

১১.০৩.২১

**(এ,কে,এম, মনির হোসেন পাঠান)**
সভাপতি
স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন কমিটি
ও
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
পরিকল্পনা ও রক্ষণাবেক্ষন উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপিঃ
১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ,.............................. উইং/জোন।
৩। প্রকল্প পরিচালকের দপ্তর, ..............
৪। প্রকাশনা কমিটির আহবায়ক/সদস্য-সচিব।
৫। উপ-কমিটির আহবায়ক/সদস্য-সচিব।
৬। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন কমিটির আহবায়ক/সদস্য সচিব।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, রক্ষণাবেক্ষন সার্কেল।
৯। উদযাপন কমিটির সদস্যবৃন্দ

Scanned with CamScanner